# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৯৪

তারিখঃ ০৭ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
২১ মে ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৮৭তম কমিশন সভা অদ্য ২১/০৫/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. সভায় তালিকাভুক্ত কোম্পানীসমূহ কোম্পানীর সম্প্রসারণ, সুষমকরণ, আধুনিকীকরণ, পুনর্গঠন ও বিস্তার (BMRE), কোম্পানীর গুণগতমানের উন্নয়ন ইত্যাদি গুরুত্বপূর্ণ কারণ ব্যতীত বোনাস শেয়ার ঘোষণা করতে পারবে না মর্মে কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য, বোনাস শেয়ার ঘোষণার ক্ষেত্রে মূল্য সংবেদনশীল তথ্য (PSI) প্রকাশকালে উক্ত বোনাস শেয়ার ঘোষণার কারণ এবং এর বিপরীতে রক্ষিত অর্থ ব্যবহারের খাত উল্লেখ করতে হবে। এ সংক্রান্ত কমিশনের একটি নোটিফিকেশন শীঘ্রই জারী করা হবে।

২. তালিকাভুক্ত কোম্পানীর স্বতন্ত্র পরিচালক ব্যতীত উদ্যোক্তা ও পরিচালকগণের সম্মিলিতভাবে ৩০% এবং পরিচালকগণ এর এককভাবে ২% শেয়ার ধারণ সংক্রান্ত কমিশনের ২২ নভেম্বর ২০১১ ইং তারিখের নোটিফিকেশনটি এবং এ সংক্রান্ত পূর্বের সকল আদেশ/নির্দেশনা ও পত্র রহিত করতঃ অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে এ সংক্রান্ত একটি নতুন নোটিফিকেশন শীঘ্রই জারি করার সিদ্ধান্ত আজকের কমিশন সভায় গৃহীত হয়। নোটিফিকেশনে অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত বিষয়সমূহও অর্ন্তভুক্ত রয়েছেঃ

(ক) তালিকাভুক্ত কোন কোম্পানীর স্বতন্ত্র পরিচালক ব্যতীত অন্যান্য পরিচালক এবং উদ্যোক্তাগণ সম্মিলিতভাবে ৩০% শেয়ার ধারণ না করলে স্বতন্ত্র পরিচালক ব্যতীত অন্যান্য পরিচালক এবং উদ্যোক্তাগণ কোম্পানীর শেয়ার বিক্রয় বা হস্তান্তর বা বন্ধক কার্যকর করা যাবে না। তবে ঋণ খেলাপী হলে বন্ধকী শেয়ার বাজেয়াপ্ত, বা মৃত্যু হলে শেয়ার ট্রান্সমিশন করা যাবে;

(খ) তালিকাভুক্ত কোন কোম্পানীর স্বতন্ত্র পরিচালক ব্যতীত অন্যান্য পরিচালক এবং উদ্যোক্তাগণ সম্মিলিতভাবে ৩০% শেয়ার ধারণ না করলে উক্ত কোম্পানী রাইটস শেয়ার অফার বা রিপিট পাবলিক অফার বা বোনাস শেয়ার বা কোম্পানীসমূহের একত্রীকরণ বা অন্য কোন উপায়ে মূলধন উত্তোলন করা যাবে না;

(গ) কোন কোম্পানী বা প্রতিষ্ঠান, কোন তালিকাভুক্ত কোম্পানীর প্রতি অন্যুন ২% শেয়ার ধারণের জন্য উক্ত কোম্পানী বা প্রতিষ্ঠান একজন ব্যক্তিকে ঐ তালিকাভুক্ত কোম্পানীর জন্য পরিচালক মনোনীত করতে পারবে; এবং

(ঘ) কোন পরিচালক ২% শেয়ার ধারণ করতে ব্যর্থ হওয়ার কারণে যে সাময়িক শূণ্যতা (casual vacancy) সৃষ্টি হবে তা ২% ধারণ করে এমন শেয়ারহোল্ডারদের মধ্যে হতে vacancy হওয়ার পরবর্তী ৩০ কার্যদিবসের মধ্যে পূরণ করতে হবে।

এছাড়াও সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, তালিকাভুক্ত কোম্পানীর স্বতন্ত্র পরিচালক ব্যতীত উদ্যোক্তা ও পরিচালকগণ সম্মিলিতভাবে ৩০% শেয়ার ধারণে ব্যর্থ কোম্পানীসমূহের জন্য উভয় স্টক এক্সচেঞ্জ তাদের সংশ্লিষ্ট ট্রেডিং বোর্ডে পৃথক একটি ক্যাটাগরি গঠন করবে।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


৩. এল্যায়েন্স সিকিউরিটিজ অ্যান্ড ম্যানেজমেন্ট লিমিটেড (ডিএসই ট্রেক নং ১৩৭) -এ কমিশন কর্তৃক পরিচালিত তদন্ত রিপোর্টে নিম্নে বর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

(ক) পরিচালক ও তাদের পরিবারের সদস্যদেরকে বিও হিসাবে পর্যাপ্ত ব্যালেন্স না থাকা সত্ত্বেও অর্থ উত্তোলনের সুযোগ প্রদান করার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A(1) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি-১১, ও দ্বিতীয় তফসিলের আচারণ বিধি-১ ভঙ্গ করেছে;

(খ) পরিচালক ও তাদের আত্মীয়দের বিধি বর্হিভূত ঋণ সমন্বয়ের জন্য কমিশনের নির্দেশনা থাকা সত্ত্বেও তা সমন্বয় না করে কমিশনের নির্দেশনা নং-এসইসি/এসআরআই/ডিএসই#১৩৭/১৩৭/২০১৭/১০২৮ তারিখ ফেব্রুয়ারি ০২, ২০১৭ ভঙ্গ করেছে;

(গ) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated customers account) হতে ১২,৯৭,৩০,০০০/- টাকা ডিলার হিসাবে স্থানান্তর করে তা হতে স্থায়ী আমানত (FDR) হিসাব খোলা ও পরিচালকদের ঋণ সমন্বয়ের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A(1) ভঙ্গ করেছে;

(ঘ) Consolidated customers account হিসাব হতে অর্থ স্থানান্তরের বিষয়ে কমিশনের তদন্ত দলকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ না করে Securities and Exchange Ordiance, 1969 এর Section 18 এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি-১১, ও দ্বিতীয় তফসিলের আচারণ বিধি-১ ভঙ্গ করেছে; এবং

(ঙ) গ্রাহকদের নিকট হতে ৫ লক্ষ টাকার উপর নগদ গ্রহণ করে Securities and Exchange Rules, 1987 এর Rule 8 (1) (cc)(i) ভঙ্গ করেছে।

যেহেতু, এল্যায়েন্স সিকিউরিটিজ অ্যান্ড ম্যানেজমেন্ট লিমিটেড এর এইরূপ কার্যকলাপের ফলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর সনদের শর্তাবলীর ২নং শর্ত লংঘিত হয়েছে বলে প্রাথমিকভাবে প্রতীয়মান হয়, সেহেতু বাজারের শৃঙ্খলা বাজায় রাখা এবং বিনিয়োগকারীদের স্বার্থে এল্যায়েন্স সিকিউরিটিজ অ্যান্ড ম্যানেজমেন্ট লিমিটেড এর বিরুদ্ধে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এরে বিধি ১২ অনুযায়ী নিবন্ধন সনদ স্থগিত/বাতিল করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২১/০৫/২০১৭

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd